

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া  
[www.nasirnagar.brahmanbaria.gov.bd](http://www.nasirnagar.brahmanbaria.gov.bd)

**নিয়োগ বিজ্ঞপ্তি**

(জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প)


বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় এর অধীন জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের খানা তালিকা প্রণয়ন, জোনাল অপারেশন এবং মূল শুমারির জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নাসিরনগর উপজেলার ১৩ টি ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের মধ্য থেকে কিছু সংখ্যক গণনাকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে।

**শর্তাবলী :**

১. প্রার্থীকে ন্যূনতম মাত্রক/এইচএসসি (সমমান) পাশ হতে হবে।
২. সরকারি, বেসরকারি সহ কোন ধরনের চাকরিজীবী আবেদন করতে পারবেন না।
৩. ইংরেজী হাতের লিখা সহজে বোধগম্য হতে হবে এবং **Intelligent character Recognition (ICR)** ফরমের সাথে সংগতি পূর্ণ হতে হবে।
৪. খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে মোবাইল এপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করা হবে বিধায় নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষ হতে হবে। স্মার্টফোনের ক্ষেত্রে এন্ড্রয়েড ভার্সন ৬ বা উর্ধ্ব এবং ডিসপ্লে অন্তত ৫ ইঞ্চি হতে হবে।
৫. প্রার্থীকে মাঠ পর্যায়ে প্রত্যেক খানায় গিয়ে কাজ করার মনমানসিকতা থাকতে হবে।
৬. মহিলা প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন এবং কমপক্ষে ৫০% মহিলা নিয়োগ করা হবে।
৭. খানা শুমারি ২০১৮ এবং কৃষিশুমারি ২০১৯ এ কাজ করা প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
৮. আবেদন পত্রের সাথে নিম্ন বর্ণিত সকল কাগজপত্র সত্যায়িত করে জমা দিতে হবেঃ
  - (ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের ফটোকপি, (খ) নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি, (গ) জাতীয় পরিচয়পত্রের ১ টি করে ফটোকপি, এবং
  - (ঘ) ২ কপি পাসপোর্ট সাইজ ছবি, সংযুক্ত করে দিতে হবে।
৯. খানা শুমারি ২০১৮ এবং কৃষিশুমারি ২০১৯ এ কাজ করা থাকলে অভিজ্ঞতার প্রমাণস্বরূপ কোন ডকুমেন্ট দিতে হবে।
১০. খামের উপর নিজ গ্রাম ও পদের নাম লিখতে হবে।
১১. শুমারির পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে দেওয়া হবে।
১২. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে মনোনয়ন কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন ও বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৩. নির্দিষ্ট আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে, উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে এবং প্রত্যেক ইউনিয়ন পরিষদ/ইউনিয়ন ডিজিটাল সেন্টারে পাওয়া যাবে।

আবেদনপত্র উল্লিখিত শর্তপূরণকল্পে আগামী ১৬/০১/২০২০ খ্রি: তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিস নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া এই ঠিকানায় পৌছাতে হবে।

আবেদনকারীদের আগামী ২১ ও ২২ জানুয়ারী ২০২০ খ্রি: তারিখে সকাল ১০ টা থেকে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সাক্ষাতকার নেওয়া হবে।

  
০১/০১/২০  
(নাজমা আশরাফী)

উপজেলা নির্বাহী অফিসার  
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

ও

সভাপতি

উপজেলা শুমারি কমিটি  
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।


(ফোনঃ ০৮৫২৬-৫৬০০১)

তারিখঃ ০১/০১/২০২০ খ্রি:

স্মারক নং- ৫২.০১.১২৯০.০০০.০২.০০১.২০-১২

অনুলিপি: কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ০২। উপপরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৪। উপজেলা ..... কর্মকর্তা, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৫। চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৬। অফিস কপি।

  
সদস্য সচিব  
উপজেলা শুমারি কমিটি  
নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া  
(ফোনঃ ০৮৫২৬-৫৬১৮৮)